দৈনিক জনকণ্ঠ 233
তারিখ 07 NOV 1998
পৃষ্ঠা ১২ কলাম ৪

## দৃষ্টি আকর্ষণ

আমরা মাস্টার্স ১ম পর্বের '৯৬ পরীক্ষার ছাত্রছাত্রী। গত ২০-১০-৯৮ তারিখে আমাদের ৪র্থ পত্র ইসলাম শিক্ষা পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু ঐ দিন চঞ্চল হত্যার প্রতিবাদে খুলনায় ছিল পূর্ণদিবস হরতাল। শহর ছিল উত্তপ্ত এবং রাস্তা ছিল পিকেটারদের দখলে। খুলনা শহরে কোন যানবাহন ছিল না এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম ছিল বন্ধ কিন্তু বিএল বিশ্ববিদ্যালয় মাত্র ৩শ' ছাত্রছাত্রীর উপস্থিতিতে উক্ত পরীক্ষাটি নিয়ে ফেলে। এতে আমরা অত্যন্ত বিস্মিত হই। যেখানে জীবননাশের প্রশ্ন সেখানে এহেন পরিস্থিতিতে পরীক্ষা নেয় কিভাবে? উল্লেখ্য যে, গত ১৮-১০-৯৮ তারিখে ঢাকায় অর্ধদিবস হরতালের কারণে ঐ দিনের পরীক্ষা স্থগিত করা হলো সেখানে এত উত্তপ্ত পরিস্থিতিতে হরতালের মধ্যে খুলনা বিএল কলেজ এবং তার উর্ধতন কর্তৃপক্ষ কিভাবে পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করল। তাহলে কি এদেশের ছাত্ররা শিক্ষা থেকে বিমুখতা অবলম্বন করবে না? তারা অবশ্যই মানসিক দিক দিয়ে বিপর্যস্ত হয়ে বিপথগামী পথে অগ্রসর হবে? এর সুষ্ঠ ব্যবস্থা করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী সমীপে পেশ করলাম। তিনিই আমাদের প্রতি তার সদয় বিবেচনা করবেন বলে আশা রাখি।—ফরিদা বেগম, ১৭/১, তালতলা লেন, খুলনা।